**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
e-mail: dmss@dgfood.gov.bd
web:www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ তারিখঃ ১১/০৫/২০১৯ খ্রি.

## প্রজ্ঞাপন

## খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা:

সম্প্রতি কোন কোন কেন্দ্রে সূচির আওতায় খাদ্যশস্য প্রেরণকালে ট্রাক/নৌযান/ওয়াগনে বিনির্দেশ বহির্ভূত এবং স্টেনসিলবিহিন খাদ্যশস্য বোঝাই করা হচ্ছে মর্মে জানা যায়। কোন কোন ক্ষেত্রে প্রাপককেন্দ্র হতে ঠিকাদারকে খাদ্যশস্য বোঝাই না করার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া ট্রাক/নৌযান/ওয়াগনসমূহ যথাসময়ে খালাস না করায় হয়রানির শিকার হচ্ছেন মর্মে প্রতিকার চেয়ে পরিবহণ ঠিকাদারগণ খাদ্য অধিদপ্তরে আবেদন করছেন। এতে নির্ধারিত সময়ের মধ্যে চলাচল সূচি বাস্তবায়িত না হওয়ায় স্থান সংকটের কারণে খাদ্যশস্য সংগ্রহ কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে এবং সময়মত পিএফডিএস বিতরণ কার্যক্রম ব্যাহত হচ্ছে। এহেন পরিস্থিতিতে সামগ্রিকভাবে খাদ্য বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে, যা মোটেও কাম্য নয়। এ ধরনের পরিস্থিতিতে প্রেরক ও প্রাপক কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ যথা- জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো অধীক্ষকগণ নিয়মিত মনিটরিং করে দ্রুত নির্দেশনা প্রদান করলে পরিস্থিতির উত্তরণ ঘটানো সম্ভব। এমতাবস্থায়, জনস্বার্থে নিম্নোক্ত নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

(১) প্রেরক-প্রাপক কেন্দ্রের স্ব স্ব জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো অধীক্ষকগণ কেন্দ্রীয় ও বিভাগীয় চলাচলসূচির আওতায় প্রেরণ ও প্রাপ্তিকালে খাদ্যশস্য বোঝাই-খালাস কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে কর্মপরিধি উল্লেখপূর্বক তদারক কমিটি গঠন করবেন;

(২) তদারক কমিটির উপস্থিতিতে সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্য বিনির্দেশসম্মত কি না যাচাই করে ১০০% ওজনে বস্তার গায়ে স্টেনসিল যাচাই করে ট্রাক/নৌযান/ওয়াগন বোঝাই দিতে হবে;

(৩) মিল/এলএসডি/সিএসডি'র স্টেনসিলবিহীন বস্তায় খাদ্যশস্য প্রেরণ করা যাবে না; বোঝাইকালে কোন বস্তায় স্টেনসিল পরিলক্ষিত না হলে তাৎক্ষণিক স্টেনসিল প্রদান করতে হবে;

(৪) ছেঁড়া-ফাটা বস্তা মেরামত না করে প্রেরণ করা যাবে না;

(৫) কোন অবস্থাতেই কীটাক্রান্ত, বিনির্দেশ বহির্ভূত ও নিম্নমানের খাদ্যশস্য প্রেরণ করা যাবে না; এধরনের খাদ্যশস্য বোঝাই করার জন্য ঠিকাদারকে বাধ্য করা যাবে না; ঠিকাদার/তার প্রতিনিধি প্রেরক কেন্দ্রে বোঝাইকালে বিনির্দেশ সম্মত খাদ্যশস্য গ্রহণ করবেন এবং প্রাপককেন্দ্রে নমুনা মোতাবেক বিনির্দেশ সম্মত খাদ্যশস্য বুঝিয়ে দিবেন;

(৬) প্রেরক কেন্দ্র প্রেরিত খামালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও খামালকার্ডসমূহের ফটোকপি সত্যায়িত করে ইনভয়েসের সাথে ঠিকাদার/প্রতিনিধিকে প্রদান করবেন;

(৭) প্রেরণকালে প্রেরণকারী ও ঠিকাদার/প্রতিনিধির যৌথ স্বাক্ষরিত সিলগালাকৃত নমুনা ট্রাক/নৌযান/ওয়াগনের সাথে দিতে হবে; ঠিকাদার উক্ত সিলগালাকৃত নমুনা অক্ষত অবস্থায় প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিবেন;

(৮) বোঝাইকৃত খাদ্যশস্য নিশ্ছিদ্র ওয়াটার প্রুফ ত্রিপল দ্বারা আবদ্ধ করে রশি দ্বারা বেধে প্রেরণকারী ও ঠিকাদার/বৈধ প্রতিনিধির যৌথ স্বাক্ষরে গুরুত্বপূর্ণ একাধিক পয়েন্টে সিলগালা করার পর ট্রাক/নৌযান/ওয়াগন ছাড়তে হবে;

(৯) একই পণ্য একাধিক মাধ্যমে (যেমন- সড়ক ও নৌ) বাঘাবাড়ী/নগরবাড়ী ঘাটে আগত খাদ্যশস্য সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা নৌ-ঠিকাদার/বৈধ প্রতিনিধির উপস্থিতিতে উপরিবর্ণিত নির্দেশনা মোতাবেক বিনির্দেশ/স্টেনসিল যাচাইপূর্বক নৌযানে বোঝাই করবেন; স্টেনসিলবিহিন ও বিনির্দেশ বহির্ভূত খাদ্যশস্য নৌযানে বোঝাই দেওয়া হলে নৌযান বোঝাইকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও নৌযান ঠিকাদার উভয়ই দায়ী থাকবেন;

(১০) সূচির বিপরীতে আগত ট্রাক/নৌযান/ওয়াগন আনলোডিং পয়েন্টে প্লেসমেন্টের পর এলএসডি/সিএসডি/বন্দর/সাইলোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সিলগালাকৃত নমুনার সাথে পরিবাহিত খাদ্যশস্যের বিনির্দেশ, ওজন ও বস্তার গায়ে স্টেনসিল

চলমান পাতা-২

ইত্যাদির সঠিকতা যাচাইপূর্বক খাদ্যশস্য গ্রহণ করতে হবে; পরিবাহিত খাদ্যশস্যের ওজন, বিনির্দেশ ও বস্তার স্টেনসিল সঠিক পাওয়া না গেলে খালাস কার্যক্রম স্থগিত না করে ত্রুটিপূর্ণ বস্তাসমূহ তদারক কমিটির উপস্থিতিতে পৃথকীকরণপূর্বক খালাস কার্যক্রম অব্যাহত রাখতে হবে; তদারক কমিটি ত্রুটিপূর্ণ খাদ্যশস্যের বস্তাসমূহের স্টেনসিল পরীক্ষা করে দায়ী কর্মকর্তা/ঠিকাদারকে চিহ্নিত করে জেলা খাদ্য নিয়ন্ত্রক ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রতিবেদন দাখিল করবেন;

(১১) প্রেরক ও প্রাপক জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ প্রেরণ-প্রাপ্তি তদারক কমিটির কাজ মনিটরিং করবেন; তদারক কমিটির প্রতিবেদনে বর্ণিত অনিয়মসমূহের বিষয়ে স্ব স্ব আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রককে অবহিত করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবেন; আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ দ্রুত নির্দেশনা প্রদান করবেন এবং গৃহীত ব্যবস্থাসমূহ খাদ্য অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করবেন;

(১২) প্রেরক ও প্রাপক কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্যের সাপ্তাহিক ও মেয়াদান্তে চূড়ান্ত প্রেরণ-প্রাপ্তি প্রতিবেদন প্রাপক কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ও সূচিজারি কর্তৃপক্ষকে প্রেরণ করবেন;

(১৩) নৌ-পথে আগত খাদ্যশস্য ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তিপত্রের শর্তমোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে খালাস শুরু ও শেষ করতে হবে; খালাস কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক শ্রমিকের উপস্থিতি নিশ্চিত করতে হবে; শ্রম হ্যান্ডলিং ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক শ্রমিক সরবরাহের বাধ্যবাধকতা সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক নিশ্চিত করবেন; নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যশস্য খালাসের ব্যর্থতা প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট পরিচালনাকারী, তদারককারী ও মনিটরিংকারী কর্মকর্তাগণের উপর বর্তাবে;

(১৪) প্রাপককেন্দ্রে আগত খাদ্যশস্যের ট্রাক/নৌযান/ওয়াগন খালাস কার্যক্রম সাপ্তাহিক ছুটির দিনেও অব্যাহত রাখতে হবে; খাদ্য অধিদপ্তরের পূর্বানুমতি ছাড়া কেন্দ্রীয় সূচির অধীন কোন ট্রাক/নৌযানের গতি পরিবর্তন করা যাবেনা।

উপরোক্ত নির্দেশনার কোন ব্যত্যয় হলে দায়িত্ব অবহেলার কারণে সংশ্লিষ্টের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ আরিফুর রহমান অপু)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১(১)/১০৫২ তারিখঃ ১১/০৫/২০১৯ খ্রি.

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা;
০২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট;
০৩। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/সান্তাহার/আশুগঞ্জ/মোংলা/স্টীল সাইলো, খুলনা;
০৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; (প্রজ্ঞাপণটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
০৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),.............................;
০৬। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম/খুলনা;
০৭। ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল.........................;
০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)......................................;
০৯। ..............................................................................;
১০। অফিস কপি।